

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় গাজীপুর



সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অধীনস্থ দপ্তরসমূহের সমন্বয়ে অনুষ্ঠিত ৩য় ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান

জেলা মৎস্য কর্মকর্তা

সভার তারিখ ১২/০২/২০২৩ খ্রি.
সভার সময় ১৪:০০ ঘটিকা
স্থান ভার্চুয়োল মাধ্যম
উপস্থিতি পরিশিষ্ট ক

সভার শুরুতে ভার্চ্যুয়াল মাধ্যমে সংযুক্ত সকলকে স্থাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। অতঃপর বিগত সভার সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে জানতে চাওয়া হয়। সেপ্রেক্ষিতে মৎস্য জরীপ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে বিগত সভার সকল সিদ্ধান্তই বাস্তবায়ন করা হয়েছে।

ক্রমিক নং	বিগত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	সেবা প্রাদান প্রতিশ্রুতি হালনাগাদকরতঃ ওয়েব	সেবাপ্রদান প্রতিশ্রুতি ১ম ও ২য় ত্রৈমাসিকে হালনাগাদকরতঃ
	পোর্টালে আপলোড করতে হবে।	নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে।
٧.	কার্যক্রম [২.১] এ উল্লেখিত সেবা প্রদান	সেবা প্রদান প্রতিশুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম
	প্রতিশুতি বিষয়ক কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার	[২.১] এ উল্লেখিত সেবা প্রদান প্রতিশুতি বিষয়ক কর্মশালা/
	এর মধ্যে ১ ব্যাচের প্রশিক্ষণ এ ত্রৈমাসিকে	প্রশিক্ষণ/সেমিনার এর মধ্যে ১ ব্যাচ্চর প্রশিক্ষণ ২০/১১/২০২২ তারিখ
	বাস্তবায়ন করতে হবে।	বাস্তবায়িত হয়েছে।
٥.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা	সেবা প্রদান প্রতিশুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম
	অনুযায়ী কার্যক্রম পরিচালনা করে উপজেলা	পরিচালনা করে উপজেলা পর্যায় থেকে প্রতি ব্রৈমাসিকে প্রতিবেদন
	পর্যায় হতে প্রতি ত্রৈমাসিকে প্রতিবেদন প্রেরণ	প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রতিটি
	করতে হবে।	কার্যালয় থেকে প্রেরণ করা হয়েছে।

অতঃপর সভাপতি সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আলোকে প্রতিটি সূচকের বিপরীতে ৩য় ব্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ ২০২৩) জন্য নির্ধারিত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। সে প্রেক্ষিতে সিনিয়র সহকারী পরিচালক (ফোকাল পয়েন্ট কর্মকর্তা) সভাকে জানান যে, জেলা মৎস্য দপ্তরের পরিবীক্ষণ কমিটি হালনাগাদ করা হয়েছে। সভাপতি জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের পূনর্গঠিত সেবাপ্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্যগণকে স্বাগত জানান এবং নতুন কমিটির মাধ্যমে এ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সিনিয়র সহকারী পরিচালক সভাকে অবহিত করেন যে, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির কলাম ৭ এ দায়িত্প্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পূনঃবন্টন করার প্রয়োজন এবং জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় ও অধীনস্ত দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ব্রৈমাসিক হালনাগাদ করে ওয়েব পোর্টালে আপলোড করা প্রয়োজন। আলোচনায় সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা ২০১৭ বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সিদ্ধান্ত:

- ১. সেবা প্রদান প্রতিশ্রুতির কলাম ৭ এ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পূনঃবন্টন করতে হবে।
- ২. জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাজীপুর ও অধীনস্ত দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ব্রৈমাসিক হালনাগাদ করে ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৩৩০০.৪০০.১৭.০০২.২২.১৮৮

তারিখ: ১২ ফাল্পুন ১৪২৯

২৫ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয্):

- ১) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা
- ২) সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাজীপুর
- ৩) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৪) উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৫) খামার ব্যবস্থাপক (সকল), গাজীপুর
- ৬) মৎস্য জরীপ কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাজীপুর
- ৭) সহকারী মৎস্য কর্মকর্তা (সংযুক্ত), জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাজীপুর

৮) জনাব.....

ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান জেলা মৎস্য কর্মকর্তা